দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি দিলো কুষ্টিয়া সরকারি কলেজের ‘৯৬ ব্যাচ’

কুষ্টিয়া সরকারি কলেজের ‘৯৬ ব্যাচ’ ফ্রেন্ডস ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের উদ্যোগে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদান করা হয়েছে।

আজ শুক্রবার সকালে কুষ্টিয়া সরকারি কলেজ অডিটোরিয়ামে এক অনুষ্ঠানে এই শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর মোল্লা মোহাম্মদ রুহুল আমিন।

এসময় তিনি বলেন, জীবনের লক্ষ্য অর্জনে দরিদ্রতা কখনো বাঁধা হতে পারেনা বরং যারা দরিদ্রতার ছোঁয়া পেয়েছে, তারাই জীবনে বেশি সফলতা অর্জন করেছে। তাই বড় হতে হলে বিত্তশালী লোকের সন্তান হতে হয়না। হতে হবে অধ্যবসায়ী, পরিশ্রমী এবং মেধাবী।

তিনি আরও বলেন, সকল শিক্ষার্থীদের। হতাশা-বিলাসিতা পরিহার করে জীবনের লক্ষ্য পূরণে এগিয়ে যেতে হবে। এটাই হবে সবার জন্য জীবন যুদ্ধ। এ যুদ্ধে জয়ী হতেই হবে। আজকের এই শিক্ষা বৃত্তি পেয়ে শিক্ষার্থীদের দায়িত্ব আরো বেড়ে গেল। শিক্ষা জীবন শেষে দরিদ্র অসহায় মানুষের কল্যাণে কাজ করতে হবে বলেও যোগ করেন তিনি।

সংগঠনের সভাপতি, আমেরিকা প্রবাসী সাদিক রহমানের অনুপস্থিতে সংগঠনের সহসভাপতি, কাজী এনামুল হক ঝংকারের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মোঃ হাবিবুর রহমানের সার্বিক নির্দেশনায় এবং ড. শর্মিষ্ঠা হুসাইনের সঞ্চালনায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন কুষ্টিয়া সরকারি মহিলা কলেজের অধ্যাপক প্রফেসর একেএম জালাল উদ্দীন, কুষ্টিয়া সরকারি কলেজের হিসাববিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান (অবসরপ্রাপ্ত) প্রফেসর সাবিহা সুলতানা, পদার্থ বিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান (অবসরপ্রাপ্ত) প্রফেসর মো: ইয়ার আলী।

আয়োজক কমিটির আহ্বায়ক আমেরিকা প্রবাসী, মোঃ আনোয়ারুল করিম, প্রধান সমন্বয়কারী,লন্ডন প্রবাসী ব্যারিস্টার হাবিবুর রহমান, সদস্য সচিব, বিশিষ্ঠ ব্যাবসায়ী, শিশির বেকারির কর্ণধার, আল্লামা

তানভীর শিশির, যুগ্ম আহ্বায়ক, এমদাদুল হক, যুগ্ম সদস্য সচিব ,রেজিনা রিপা এবং ইন্টারভিউ বোর্ডের অন্যতম শিক্ষক, বরিশাল উনিভার্সিটির অধ্যাপক ডঃ খোরশেদ আলম, অধ্যাপিকা এলিনা আক্তার রত্না, ড. এসএম রিয়াজুল ইসলাম, ইসলামী উনিভার্সিটির অধ্যাপক ড. মিজানুর রহমান এবং মোঃ মিজানুর রহমান মঞ্জুসহ সকল বন্ধুদের সার্বিক সহযোগিতায় আয়োজন সম্পন্ন হয়।

আয়োজকরা জানান, যে সমস্ত শিক্ষার্থীরা গরীব ও মেধাবী, যারা অর্থের অভাবে ঠিকমত লেখাপড়া করতে পারে না। তাদের পাশে দাঁড়িয়েছে কুষ্টিয়া সরকারি কলেজের ‘৯৬ ব্যাচ’ ফ্রেন্ডস ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন। এ ধারা অব্যাহত থাকবে বলেও জানানো হয়।

এরআগে ভার্চুয়ালী অনলাইনে বক্তব্যে সংগঠনের সভাপতি আমেরিকা প্রবাসী সংগঠনের সভাপতি সাদিক রহমান বলেন, আজকের এই বৃত্তির মাধ্যমে পিছিয়ে পড়া ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষার প্রতি আগ্রহ বৃদ্ধি করবে বলে বিশ্বাস করি। যাতে করে শিক্ষার্থীরা প্রতিযোগিতার মাধ্যমে নিজেদেরকে যোগ্য নাগরিক হিসেবে প্রতিষ্ঠিত করতে পারে। তিনি আরও বলেন, মানুষ মানুষের জন্য। জীবন জীবনের জন্য। আজকে তোমরা যারা মেধাবী তারা একসময় বড় হয়ে মানুষের মতো মানুষ হবে এবং সবাই ভালো মানুষ হিসেবে গড়ে উঠবে এটাই কামনা করি।

প্রসঙ্গত, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের ৪৫ জন শিক্ষার্থীকে (প্রত্যককে ৮ হাজার টাকা) করে এ শিক্ষাবৃত্তি প্রদান করা হয়।

ট্রাফিক ব্যবস্থা নিয়ন্ত্রণে কুষ্টিয়া সরকারি কলেজের বিএনসিসি ও রোভারের কার্যক্রম

শুরু

কুষ্টিয়া শহরের ট্রাফিক ব্যবস্থা নিয়ন্ত্রণ ও শৃঙ্খলা ফিরিয়ে আনতে এর ব্যবস্থাপনায় শিক্ষার্থীদের যুক্ত করা হয়েছে।

এ বিষয়ে আজ রবিবার (০৩ নভেম্বর) সকালে কুষ্টিয়া শহরের কলেজ মোড় থেকে বিএনসিসি ও রোভার এর অংশগ্রহণে “ট্রাফিক ব্যবস্থাপনা নিয়ন্ত্রণ কার্যক্রম” শুরু হয়।

কুষ্টিয়া সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর মোল্লা মো: রুহুল আমিন এ কার্যক্রমের উদ্বোধন করেন।

এসময় তিনি বলেন, আমাদের কলেজের সামনে উত্তর দিকে প্রধান সড়ক মীর মোশাররফ হোসেন সড়ক-এ রাস্তায় ফুটপাত দখল করে থাকে। এছাড়াও কয়েকটি প্রাইভেট হাসপাতাল ক্লিনিক ডায়াগনস্টিক সেন্টার রাস্তায় যত্রতত্র যানবাহন পার্কিং করা হচ্ছে। তাদের যথেষ্ট পার্কিং নেই। এছাড়াও যত্রতত্র ইজিবাইক ও রিকশা যেখানে সেখানে থামানো হয়।
এ গুরুত্বপূর্ণ সড়কে ট্রাফিক শৃঙ্খলাকে কাঙ্ক্ষিত পর্যায়ে আনার জন্য আমাদের কলেজের বিএনসিসি ও রোভার সদস্যদের মাধ্যমে প্রতিদিন দেড় ঘন্টা করে দায়িত্ব পালনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ কর্মসূচির মাধ্যমে শহরের কলেজ মোড় এলাকার ট্রাফিক বিভাগের কাজে যেমন গতিশীল হবে, তেমনি জেলার ট্রাফিক ব্যবস্থা উন্নয়ন ঘটার মাধ্যমে জনভোগান্তি অনেক কমে আসবে।

এভাবেই জনসাধারণকে সচেতন ও সম্পৃক্তকরণের মাধ্যমে শহরের ট্রাফিক শৃঙ্খলা উন্নয়ন সম্ভব বলেও মনে করেন তিনি।

এরআগে কলেজ শিক্ষক মিলনায়তনে বিএনসিসি ও রোভার এর অংশগ্রহণে “ট্রাফিক ব্যবস্থাপনা নিয়ন্ত্রণ কার্যক্রম” বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

সভায় সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ প্রফেসর মোল্লা মো: রুহুল আমিন।

এসময় বক্তব্য রাখেন কলেজের উপাধ্যক্ষ প্রফেসর আনসার হোসেন, শিক্ষক পরিষদের সম্পাদক ড. মো: আব্দুল কুদ্দুস খান, বিএনসিসি’র প্রধান প্রফেসর ড. নবীনূর রহমান খান, রোভার প্রধান শামসুল ইকবাল খান, বাংলাভিশন ও দেশ রুপান্তরের কুষ্টিয়া প্রতিনিধি হাসান আলী,

দৈনিক আমার দেশ পত্রিকার জেলা প্রতিনিধি নজরুল ইসলাম মুকুল ও বার্তা ২৪.কমের স্টাফ করেসপন্ডেন্ট এসএম জামাল প্রমুখ।

সভায় কলেজের বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান ও জেলার বিভিন্ন গণমাধ্যম কর্মীরা উপস্থিত ছিলেন।